

দৈনিক জনকণ্ঠ

তারিখ
পৃষ্ঠা ৩

বেসরকারী শিক্ষক কর্মচারীদের ডিসেম্বরের বেতন ভাতার

সরকারী অংশ হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএমসি (ডোকুমেন্টাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের ২০০১ সালের ডিসেম্বর মাসের বেতন-ভাতার সরকারী অংশ সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। আগামী ১৫

জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে। যারা ২০০১-২০০২ অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ব্যক্তিগত অ্যাকাউন্টের মাধ্যমে উক্ত সময়ের বকেয়া টাকা এই সঙ্গে উত্তোলন করতে পারবেন বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে। -তথ্য বিবরণী।